রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ২২, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৬১-আইন/২০১৭।**—মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৫ নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মাতৃদুগ্ধ বিকল্প , শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৫ নং আইন);

(খ) "জাতীয় উপদেষ্টা কমিটি" বা "কমিটি" অর্থ বিধি ৭ এর অধীন গঠিত জাতীয় উপদেষ্টা কমিটি;

(গ) "নিবন্ধন সনদ" অর্থ বিধি ১০ এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদ;

(ঘ) "ফরম" অর্থ এই বিধিমালার কোনো ফরম।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির বিষয়ে কতিপয় অন্যান্য বিধি-নিষেধ।**—আইনের ধারা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত কর্মকাণ্ড পরিচালনা করা যাইবে না, যথা:—

(ক) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (যেমন, বোতল, বোঁটা, চুষনী, কাপ, ইত্যাদি) কোনো নমুনা কোনো শিশু, শিশুর মা বা তাহাদের পরিচর্যাকারী বা কোনো স্বাস্থ্যকর্মীকে প্রদান করা;

(খ) বোতলে দুধ খাওয়ানোর শ্রেষ্ঠতার বিষয়ে কোনো বক্তৃতা বা বিবৃতি প্রদান করাসহ কোনো ছবি প্রদর্শন করা;

(গ) আইনের ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর উপ-দফা (আ) দ্বারা আরোপিত বিধি-নিষেধের পরিপন্থী এবং আইনের উদ্দেশ্য বাস্তবায়নের সহিত স্বার্থের সংঘাত সৃষ্টি করে এইরূপ কোনো কর্মকাণ্ড পরিচালনা করা;

(ঘ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির আমদানিকারক, স্থানীয়ভাবে উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রেতা বা বিতরণকারীর সহযোগীতায় বা অর্থায়নে আয়োজিত কোনো কর্মসূচীর মাধ্যমে কোনো গর্ভবতী নারী, মাতৃদুগ্ধদানকারী, শিশুর মা, শিশুর পরিচর্যাকারী বা অভিভাবককে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের পুষ্টির মান বা উহার ঝুঁকিমুক্ততা সম্পর্কিত, অথবা শিশুর শারীরিক ও মানসিক উৎকর্ষতার প্রলোভন সম্বলিত, বিভ্রান্তিকর শিশু স্বাস্থ্য বিষয়ক বার্তা প্রেরণ বা তথ্য প্রচার করা;

(ঙ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির প্রচার-প্রচারণার লক্ষ্যে উহার প্রস্তুতকারক, আমদানিকারক, স্থানীয়ভাবে উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রেতা বা বিতরণকারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো বিশেষ সপ্তাহ বা দিবস পালন করা;

(চ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি বিক্রয়ের পরিমাণের উপর কোনো স্বাস্থ্য সেবা কেন্দ্রের কোনো কর্মচারী বা কোনো বিক্রেতাকে কমিশন, আর্থিক সুবিধা বা উপহার সামগ্রী প্রদান করা;

(ছ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রেতা বা বিতরণকারী বা তৎকর্তৃক নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মাতৃ ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টির বিষয়ে কোনো তথ্যমূলক ও শিক্ষামূলক কোনো কার্যক্রমে সহায়তা, অংশগ্রহণ, কোনো তথ্য প্রচার বা প্রকাশনা করা।

৪। **মাতৃদুগ্ধ বিকল্প খাদ্যের ব্যবস্থাপত্র প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় বিধান।**—আইনের উদ্দেশ্য পূরণকল্পে, শিশুর জীবন রক্ষা ও স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকরণের লক্ষ্যে একান্তভাবে অপরিহার্য বিবেচিত হইলে, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীন নিবন্ধিত ও রেজিস্ট্রারভুক্ত কোনো মেডিকেল চিকিৎসক, উপযুক্ত প্রমাণাদির ভিত্তিতে, কেবল মাতৃদুগ্ধ বিকল্প খাদ্যের কোনো ব্যবস্থাপত্র (Prescription) প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করিতে পারিবেন।

৫। **মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির ধারণপাত্র ও মোড়কে প্রদেয় অন্যান্য তথ্যাদি।**—(১) আইনের ধারা ৬ এর উদ্দেশ্য পূরণকল্পে, মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির ধারণপাত্রে ও উহার সহিত সংযুক্ত মোড়কে "গুরুত্বপূর্ণ তথ্যাদি" শিরোনামাধীনে—

(ক) "শিশু স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকরণের উদ্দেশ্যে, "PATHOGENIC MICRO ORGANISM" মাতৃদুগ্ধ বিকল্প গুঁড়া বা প্রক্রিয়াজাত দুধে (Powdered Infant Formula) থাকিতে পারে বলিয়া উহা উপযুক্ত পদ্ধতিতে প্রস্তুত করিতে হইবে" শীর্ষক বিবরণ মুদ্রিত থাকিতে হইবে;

(খ) নিম্নবর্ণিত তথ্যাদি মুদ্রিত বা উল্লিখিত থাকিতে হইবে, যথাঃ—

(অ) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য শিশুকে খাওয়ানোর ক্ষেত্রে মোড়কে মুদ্রিত বা উল্লিখিত অনুসরণীয় নির্দেশাবলী;

(আ) উপ-দফা (অ) তে উল্লিখিত নির্দেশাবলি অনুসরণ না করিবার কারণে শিশুর স্বাস্থ্যহানি হইতে পারে মর্মে সতর্কবাণী।

(২) আইনের ধারা ৬ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এর উদ্দেশ্য পুরণকল্পে, মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির ধারণপাত্র বা মোড়কে বাংলা বা অন্য কোনো ভাষায় নিম্নবর্ণিত কোনো বিবৃতি অন্তর্ভুক্ত করা যাইবে না, যথাঃ—

(ক) "এই পণ্য চিকিৎসক কর্তৃক অনুমোদিত, পরামর্শকৃত বা নির্দেশিত" বা অনুরূপ অন্য কোনো অভিব্যক্তি বা বিবৃতি;

(খ) এই পণ্য "সম্পূর্ণ আমিষ খাদ্য" বা "শক্তিদায়ক খাদ্য" বা "সম্পূর্ণ খাদ্য" বা "স্বাস্থ্যকর খাদ্য" বা অনুরূপ অন্য কোনো অভিব্যক্তি বা বিবৃতি।

(৩) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি বা ধারণপাত্রের মোড়কে সংশ্লিষ্ট কোম্পানীর লোগো বা চিহ্নের আকার (size), উক্ত পণ্যের নামের আকারের অর্ধেকের বেশী বড় হইতে পারিবে না।

৬। **শিক্ষা বা তথ্যমূলক উপকরণে অন্যান্য তথ্যাদির অন্তর্ভুক্তি**।—আইনের ধারা ৭ এর দফা (জ) এর উদ্দেশ্য পুরণকল্পে, শিক্ষা বা তথ্যমূলক উপকরণে নিম্নবর্ণিত তথ্যাদি অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথা:—

(ক) শিশুর মা ও পরিচর্যাকারীকে মায়ের দুধ পান করাইবার কৌশল সম্পকির্ত তথ্য;

(খ) জন্মের ১(এক) ঘণ্টার মধ্যে মাতৃদুগ্ধ পান করাইলে নবজাতকের মৃত্যু ঝুঁকি হ্রাস পায়;

(গ) মাতৃদুগ্ধ শিশুর সম্পূর্ণ ও সুষম খাদ্য;

(ঘ) মাতৃদুগ্ধ রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন;

(ঙ) মাতৃদুগ্ধ আর্থিকভাবে সাশ্রয়ী;

(চ) কেবল মাতৃদুগ্ধ প্রদানকারী মায়ের, শিশু জন্মের পর হইতে ৬(ছয়) মাস বয়স পর্যন্ত, পুনরায় গর্ভধারণের সম্ভাবনা কম থাকে।

৭। **জাতীয় উপদেষ্টা কমিটি গঠন**।—আইনের ধারা ৮ এর বিধান অনুসারে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জাতীয় উপদেষ্টা কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, যিনি ইহার চেয়ারপার্সনও হইবেন;

(খ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর;

(চ) পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর;

(ছ) সরকার কর্তৃক মনোনীত **১**(এক) জন শিশু বিশেষজ্ঞ বা পুষ্টিবিদ;

(জ) মাতৃদুগ্ধ ও শিশু খাদ্য বিষয়ে কাজ করে এইরূপ বেসরকারি সংস্থা হইতে সরকার কর্তৃক মনোনীত **১**(এক) জন প্রতিনিধি;

(ঝ) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, যিনি ইহার সচিবও হইবেন।

৮। **জাতীয় উপদেষ্টা কমিটির কার্যাবলি**।—আইনের ধারা ৯ এর দফা (গ) এর উদ্দেশ্য পুরণকল্পে, জাতীয় উপদেষ্টা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিতে পারিবে, যথাঃ—

(ক) আইন ও এই বিধিমালা কার্যকরকরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(খ) মাতৃদুগ্ধ পান না করাইবার জন্য সম্ভাব্য ক্ষতিকর সমস্যা চিহ্নিতকরণ এবং উহা নিরসনের লক্ষ্যে করণীয় ব্যবস্থা সম্পর্কে সরকারকে সুপারিশ প্রদান।

৯। **জাতীয় উপদেষ্টা কমিটির সভা, ইত্যাদি**।—(১) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে জাতীয় উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি ৩(তিন) মাসে কমিটির অন্তত একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) চেয়ারম্যান কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) কমপক্ষে ৫(পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে কমিটির সভার কোরাম গঠিত হইবে।

(৪) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যানের একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৫) শুধুমাত্র কোনো সদস্য পদের শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৬) চেয়ারম্যান, প্রয়োজনে, জাতীয় বা আন্তর্জাতিক শিশু বিশেষজ্ঞ বা পুষ্টিবিদকে সভায় আমন্ত্রণ জানাইতে পারিবেন।

১০। **মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, ইত্যাদির নিবন্ধন ও নিবন্ধন সনদ প্রদান।**—(১) মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করিবার উদ্দেশ্যে উহা নিবন্ধনের জন্য ফরম-'ক' অনুযায়ী পরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করিতে হইবে, যথা:—

(ক) নিবন্ধনাধীন মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির তেজস্ক্রিয়তামুক্ত হওয়া সম্পর্কে উৎস দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিরাপত্তা সার্টিফিকেট;

(খ) নিবন্ধনাধীন মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি তেজস্ক্রিয়তামুক্ত হওয়া সম্পর্কে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট;

(গ) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি;

(ঘ) কোডেক্স এলিমেন্টারিয়াস কমিশন (Codex Alimentarious Commission) কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের কপি;

(ঙ) ১-২৭১১-০০৯০-২০২৩ খাতে ১০,০০০/- টাকা আবেদন ফি বাবদ প্রদানপূর্বক আবেদন ফি দাখিলের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের মূলকপি;

(চ) ট্রেড লাইসেন্স, যদি থাকে, এর সত্যায়িত কপি;

(ছ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর, যদি থাকে, এর সত্যায়িত কপি;

(জ) কোম্পানি হইলে মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস্ অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশনের কপি;

(ঝ) পরিচালক কর্তৃক চাহিত অন্য কোনো কাগজ বা তথ্য;

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত আবেদনপত্র ও উহার সহিত সংযুক্ত কাগজাদি পরীক্ষান্তে পরিচালক যদি সন্তুষ্ট হন, তাহা হইলে তিনি আবেদন মঞ্জুর করিবেন এবং আবেদনকারীকে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে উপ-বিধি (২) এর দফা (ঙ) তে উল্লিখিত খাতে ট্রেজারী চালানের মাধ্যমে ১,০০,০০০/- টাকা নিবন্ধন ফি বাবদ জমা দানের জন্য আদেশ প্রদান করিবেন।

(৪) পরিচালক যদি না সন্তুষ্ট হন অথবা বিধি (৫) এর অধীন চাহিত কাগজ বা তথ্য প্রদান করা না হয়, তাহা হইলে তিনি আবেদনটি না-মঞ্জুর করিবেন এবং আবেদনকারীকে পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে না-মঞ্জুরের কারণসহ বিষয়টি অবহিত করিবেন।

(৫) পরিচালক যদি মনে করেন যে, আবেদনপত্রটি বিবেচনার ক্ষেত্রে কোনো গুরুত্বপূর্ণ কাগজ বা তথ্য পরীক্ষা করা প্রয়োজন, তাহা হইলে তিনি সংশ্লিষ্ট আবেদনকারীকে, তৎকর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে, উক্ত কাগজ বা তথ্য প্রদানের জন্য আদেশ প্রদান করিতে পারিবেন এবং তদানুসারে আবেদনকারী চাহিত কাগজ বা তথ্য প্রদান করিতে বাধ্য থাকিবে।

(৬) উপ-বিধি (৩) এর উল্লেখিত সময়সীমার মধ্যে আবেদনকারীর নিকট হইতে নিবন্ধন ফি প্রাপ্ত হইলে, পরিচালক ১৫(পনের) দিনের মধ্যে উহা নিবন্ধন করিবেন ও ফরম-'খ' অনুযায়ী নিবন্ধন বহিতে উহা লিপিবদ্ধ করিবেন এবং আবেদনকারীকে ফরম-'গ' অনুযায়ী একটি নিবন্ধন সনদ প্রদান করিবেন।

১১। **নিবন্ধন সনদ নবায়ন।—(১)** আইনের ধারা ১০ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্যে পূরণকল্পে, নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬(ছয়) মাস পূর্বে পরিচালকের নিকট ১-২৭১১-০০৯০-২০২৩ খাতে ট্রেজারী চালানের মাধ্যমে ৫০,০০০/- টাকা নবায়ন ফি বাবদ প্রদান করিয়া ফরম-'ঘ' অনুসারে নিবন্ধন সনদ বনায়নের জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত সময়ে, কোনো যুক্তিসঙ্গত কারণে, নিবন্ধ সনদ নবায়নের জন্য কোনো আবেদন করা না হইলে, পরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত বিলম্ব ফি প্রদানপূর্বক উক্ত সময় উত্তীর্ণ হইবার ১ (এক) মাসের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর পরিচালক, যদি, আবেদনকারী নিবন্ধনের মেয়াদ আইন ও বিধিমালার কোনো বিধান অথবা নিবন্ধন সনদে উল্লেখিত কোনো শর্ত লংঘন—

(ক) করেন নাই মর্মে সন্তুষ্ট হন, তাহা হইলে তিনি পরবর্তী ৩(তিন) বৎসরের জন্য নিবন্ধন সনদ নবায়ন করিবেন; অথবা

(খ) করিয়াছেন মর্মে নিশ্চিত হন, তাহা হইলে তিনি আবেদনটি না-মঞ্জুর করিতে পারিবেন এবং উহা আবেদনকারীকে অনতিবিলম্বে জানাইবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নিবন্ধন সনদ নবায়নের আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর না হওয়া পর্যন্ত উক্ত নিবন্ধন সনদ বহাল থাকিবে এবং উক্ত নিবন্ধন সনদের ভিত্তিতে আমদানী ব্যতীত অন্যান্য কার্য সম্পাদন করা যাইবে।

১২। **ক্ষতিগ্রস্ত শিশুর পরিবারকে ক্ষতিপূরণের অর্থ প্রদানের পদ্ধতি।**—(১) আইনের ধারা ১২ এর উপ-ধারা (২) এর অধীন আদালত কর্তৃক কোনো অর্থদণ্ড প্রদান করা হইলে উহা উক্ত উপ-ধারার অধীন ক্ষতিপূরণ গণ্যে ক্ষতিগ্রস্ত শিশুর পিতা, মাতা বা আইনানুগ অভিভাবকের ব্যাংক একাউন্টে জমা প্রদানের নিমিত্ত আদালত দণ্ডিত ব্যক্তিকে আদেশ প্রদান করিতে পারিবে।

**ব্যাখ্যা।**—এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে, "আইনানুগ অভিভাবক" অর্থ Guardian and Wards Act, 1890 (Act No. VIII of 1890) এর section 7 এর অধীন শিশুর কল্যাণার্থে আদালত কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা ঘোষিত আইনানুগ অভিভাবক।

(২) আদালত কর্তৃক প্রদত্ত আদেশে উল্লেখিত নির্দিষ্ট সময় সীমার মধ্যে ও নির্দেশনা অনুযায়ী ক্ষতিপূরণের অর্থ সম্পূর্ণভাবে জমা প্রদানের উদ্দেশ্যে আদালত সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংকের হিসাবের বিবরণীসহ অন্যান্য সম্পদের হিসাব তলব করিতে পারিবে এবং উক্তরূপে কোনো ব্যাংকের হিসাব বিবরণী ও সম্পদের হিসাব তলব করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি উহা আদালতে উপস্থাপন করিতে বাধ্য থাকিবে।

(৩) দন্ডিত ব্যক্তি ক্ষতিপূরণের অর্থ প্রদানের ক্ষেত্রে আদালতের আদেশ যথাযথভাবে প্রতিপালন না করিলে ক্ষতিগ্রস্ত পক্ষ উহা আদালতকে অবহিত করিবে।

১৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য (বিপণন নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৩ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা চলমান কোনো কার্যক্রম এই বিধিমালার অধীনকৃত, গৃহীত বা চলমান বলিয়া গণ্য হইবে;

(খ) প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন প্রদত্ত হইয়াছে এবং উক্ত সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে এই বিধিমালার অধীন নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

ফরম-‘ক’
[বিধি ১০ (১) দ্রষ্টব্য]
নিবন্ধনের জন্য আবেদনপত্র

আবেদনকারীর সত্যায়িত ছবি

প্রাপক
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা

মহোদয়,

আমি/আমরা..........................................................................................................
(কোম্পানি/সংস্থার নাম)..........................................................................................
ঠিকানা:..................................................................................................................

নিম্নবর্ণিত মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য/উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করিবার উদ্দেশ্যে নিবন্ধনের জন্য এতদসঙ্গে বিধি ১০ এর উপ-বিধি (২) এ উল্লিখিত সকল কাগজাদি সংযোজনপূর্বক আবেদন করিতেছি, যথা:—

| ক্রমিক নং | আদেনকারীর নাম, ঠিকানা ও মোবাইল/টেলিফোন/ই-মেইল/ফ্যাক্স নম্বর | পণ্যের নাম, বিবরণ, নমুনা ও উৎস দেশের নাম | পণ্যের উৎপাদনের বিবরণ ও পরিমাণ | ধারণপাত্র মোড়কের নমুনা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |
| | | | | |

**সত্যপাঠ:** এই আবেদনে উল্লিখিত ও সংযুক্ত সকল তথ্য কাগজাদি আমার জ্ঞানমত সত্য ও সঠিক।

তারিখ: (আবেদনকারীর নাম ও স্বাক্ষর)

**সংযুক্তি:**

১। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

২। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৩। কোডেক্স এলিমেন্টারিয়াস কমিশন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৪। ট্রেজারি চালানের মূলকপি।

৫। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

৬। ট্রেড লাইসেন্স, যদি থাকে, এর সত্যায়িত কপি।

৭। ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর, যদি থাকে, এর সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৮। কোম্পান হইলে মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস্ অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশনের কপি।

**ফরম-'খ'**

[বিধি ১০ (৬) দ্রষ্টব্য]

**নিবন্ধন বহি**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল/ টেলিফোন/ ই-মেইল/ ফ্যাক্স নম্বর | পণ্যের নাম, বিবরণ, নমুনা ও উৎস দেশের নাম | ধারণপাত্র ও মোড়কের নমুনা | পণ্যের উৎপাদনের বিবরণ ও পরিমাণ | নিবন্ধন নম্বর ও তারিখ | দাখিলকৃত কাগজাদির তালিকা | স্বাক্ষর (যথাযথ কর্তৃপক্ষের) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

**ফরম-‘গ’**
**[বিধি ১০(৬) দ্রষ্টব্য]**

**নিবন্ধন সনদ**

নিবন্ধন নম্বর: [ ]

সনদ ইস্যুর তারিখ :-------------------

মেয়াদ উত্তীর্ণের তারিখ : -----------------

জনাব,

আপনার....................................(ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম) বিগত.........................তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য/উহা ব্যবহারের সরঞ্জামাদি নিম্নবর্ণিত শর্তে নিবন্ধন করা হইল, যথা:—

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল/টেলিফোন/ই-মেইল/ফ্যাক্স নম্বর | পণ্যের নাম, বিবরণ, নমুনা ও উৎস দেশের নাম | পণ্যের উৎপাদনের বিবরণ ও পরিমাণ | ধারণপাত্র ও মোড়কের নমুনা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |
| | | | | |

**শর্তাবলি**: —

১। মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৫নং আইন) এবং মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৭ এর বিধানাবলি প্রতিপালন করিতে হইবে;

২। ধারণপাত্র বা মোড়কে বিস্তারিত নির্দেশিকা থাকিতে হইবে এবং অনুমোদন ব্যতীত কোনো ধারণপাত্র বা মোড়কের তথ্য সংশোধন করা যাইবে না;

৩। চাহিবামাত্র পণ্যের উপকরণের বিকিরণের পরিমাণ ও উপাদানসমূহ যাচাইযোগ্য।

পরিচালকের স্বাক্ষর
(সিল)

**ফরম-‘ঘ’**

**[বিধি ১১(১) দ্রষ্টব্য]**

**নিবন্ধন সনদ নবায়নের আবেদন**

প্রাপক
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।

মহোদয়,

আমি/আমরা..................................................................(কোম্পানি/সংস্থার নাম) ...................................................ঠিকানা:.................................................... ..........................................................................................................
নিম্নবর্ণিত মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য/উহা ব্যবহারের সরঞ্জামাদির নিবন্ধনের মেয়াদ...................................তারিখে উত্তীর্ণ হইবে। এমতাবস্থায়, উক্ত পণ্যের নিবন্ধন সনদ নবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য, কাগজাদি ও নিবন্ধন সনদ নবায়ন ফিসহ আবেদন করিতেছি, যথা:—

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল/টেলিফোন/ ই-মেইল/ফ্যাক্স নম্বর | পণ্যের নাম, বিবরণ, নমুনা ও উৎস দেশের নাম | পণ্যের উৎপাদনের বিবরণ ও পরিমাণ | ধারণপাত্র ও মোড়কের নমুনা | নিবন্ধন নম্বর | নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |

**সত্যপাঠ:** এই আবেদনে উল্লিখিত ও সংযুক্ত সকল তথ্য ও কাগজাদি আমার জ্ঞানমত সত্য ও সঠিক।

(আবেদনকারীর নাম ও স্বাক্ষর)

**সংযুক্তি:**

১। নিবন্ধন সনদের কপি।
২। ট্রেজারি চালানের মূলকপি।
৩। হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি, যদি থাকে।
৪। সর্বশেষ আয়কর প্রদানের প্রত্যয়নপত্রের কপি, যদি থাকে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাকসুদা ইয়াসমিন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd